জাতীয় পার্টির চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ আজ বুধবার ৪ দিনের সফরে এরশাদ

জাতীয় পার্টির চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ আজ বুধবার ৪ দিনের সফরে এরশাদ দিল্লি গেছেন। তিনি আজ সকাল ৯:১৫ টায় দিল্লির উদ্দেশ্যে হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা ত্যাগ করেন। সাবেক রাষ্ট্রপতিকে বিদায় জানাতে বিমানবন্দরে পার্টির নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন বিমান ও পর্যটন মন্ত্রী জি.এম. কাদের, জাতীয় পার্টির মহাসচিব এ.বি.এম. রুহুল আমিন হাওলাদার, প্রেসিডিয়াম সদস্য এম.এ. সাত্তার, এম.এ. হান্নান, মোস্তফা জামাল হায়দার, এস.এম.এম. আলম, ফকরুল ইমাম, সৈয়দ আবু হোসেন বাবলা, দপ্তর সম্পাদক তাজুল ইসলাম চৌধুরী, ভাইস চেয়ারম্যান ফয়সাল চিশতি, যুগ্ম মহাসচিব এড. রেজাউল ইসলাম ভূইয়া, কেন্দ্রীয় নেতা বাহাউদ্দিন বাবুল, মোস্তফিজুর রহমান নাঈম, হারুনুর রশীদ প্রমুখ।

1 / 1